ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩২৩

বিশালগড়,২৯ ডিসেম্বর,২০২৪

**চড়িলাম ব্লকের আমতলি ভিলেজ পরিদর্শনে কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী**

**দেশের অর্থনৈতিক বিকাশে প্রধানমন্ত্রী কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্রগুলির উপর সর্বাধিক গুরুত্ব দিয়েছেন**

কেন্দ্রীয় খাদ্য, গণবন্টন ও পুনর্নবীকরণ শক্তিমন্ত্রী প্রহ্লাদ যোশী আজ চড়িলাম ব্লকের বর্কোবাড়ি পাড়া পরিদর্শন করেন। পরিদর্শনের সময় কেন্দ্রীয়মন্ত্রী বর্কোবাড়ি পাড়ায় পি এম কুসুম প্রকল্পের উপকৃত ২৭ জন গ্রামবাসীর সাথে মতবিনিময় করেন। মতবিনিময়ের সময় কেন্দ্রীয়মন্ত্রী জানান, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের অর্থনৈতিক বিকাশে কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্রগুলির উপর সর্বাধিক গুরুত্ব দিয়েছেন। তাই কৃষকদের আয় দ্বিগুণ করার জন্য বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। তিনি বলেন, গ্রামীণ এলাকার বিকাশে যে সমস্ত কর্মসূচি রূপায়িত হচ্ছে পিএম-কুসুম তাদের অন্যতম। এই প্রকল্প কৃষকদের কিভাবে সহায়তা করছে তা দেখতেই আমি এই এলাকায় এসেছি।

কৃষকদের সাথে মতবিনিময়ের সময় কেন্দ্রীয় খাদ্য, গণবন্টন ও পুনর্নবীকরণ শক্তিমন্ত্রী প্রহ্লাদ যোশী বলেন, কৃষক আত্মনির্ভর হলেই গ্রামীণ এলাকার বিকাশ ত্বরান্বিত হবে। কেন্দ্রীয় সরকারের সহযোগিতায় ত্রিপুরা কৃষিক্ষেত্রে অনেকটাই এগিয়ে গেছে। ত্রিপুরায় পিএম-কুসুম প্রকল্পে ১০ হাজার ৮৯৫টি পরিবার উপকৃত হবে। কেন্দ্রীয়মন্ত্রী এদিন বর্কোবাড়িতে আগর গাছ রোপণ করে আগর চাষ কর্মসূচিরও সূচনা করেন। পরিদর্শনের সময় কেন্দ্রীয় মন্ত্রীর সাথে ছিলেন বিদ্যুৎ দপ্তরের সচিব অভিষেক সিং, ভারত সরকারের পুনর্নবীকরণ শক্তি দপ্তরের যুগ্ম সচিব ললিত বোরা, ত্রিপুরা পুনর্নবীকরণ শক্তি উন্নয়ন সংস্থার ডিজি মহানন্দ দেববর্মা, সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলাশাসক রিংকু লাথের প্রমুখ।

*****